# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৫৩

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ গালাস বা আঁধারের রেশ থাকতেই ফজর আদায় করা।

باب مَا جَاءَ فِي التَّغْلِيسِ بِالْفَجْرِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، عَنْ مَالِكِ بْنِ أَنَسٍ، قَالَ وَحَدَّثَنَا الأَنْصَارِيُّ، حَدَّثَنَا مَعْنٌ، حَدَّثَنَا مَالِكٌ، عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ، عَنْ عَمْرَةَ، عَنْ عَائِشَةَ، قَالَتْ إِنْ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم لَيُصَلِّي الصُّبْحَ فَيَنْصَرِفُ النِّسَاءُ قَالَ الأَنْصَارِيُّ فَيَمُرُّ النِّسَاءُ مُتَلَفِّفَاتٍ بِمُرُوطِهِنَّ مَا يُعْرَفْنَ مِنَ الْغَلَسِ . وَقَالَ قُتَيْبَةُ مُتَلَفِّعَاتٍ . قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ عُمَرَ وَأَنَسٍ وَقَيْلَةَ بِنْتِ مَخْرَمَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَائِشَةَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رَوَاهُ الزُّهْرِيُّ عَنْ عُرْوَةَ عَنْ عَائِشَةَ نَحْوَهُ . وَهُوَ الَّذِي اخْتَارَهُ غَيْرُ وَاحِدٍ مِنْ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم مِنْهُمْ أَبُو بَكْرٍ وَعُمَرُ وَمَنْ بَعْدَهُمْ مِنَ التَّابِعِينَ وَبِهِ يَقُولُ الشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ يَسْتَحِبُّونَ التَّغْلِيسَ بِصَلاَةِ الْفَجْرِ .

বাংলা

১৫৩. কুতায়বা ও আল আনসারী (রহঃ) .... আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণণা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফজরের সালাত আদায় করতেন, পরে মহিলারা চাঁদর লেপটে ঘরে ফিরে যেত কিন্তু আঁধারের কারণে তাদের চেনা যেত না। কুতায়বা তাঁর রিওয়ায়াতে مُتَلَفِّفَاتٍ এর স্থলে مُتَلَفِّعاتٍ উল্লেখ করেছেন। - ইবনু মাজাহ ৬৬৯, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৫৩ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবনু উমর, আনাস, কায়লা বিনত মাখরাম রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদিস বর্ণিত রয়েছে। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেন আয়িশা রাদিয়াল্লাহু আনহা বর্ণিত এই হাদিসটি হাসন ও সহীহ। যুহরী ও উরওয়া (রহঃ) আয়িশা রাদিয়াল্লাহু আনহা সূত্রে এই হাদিসটি বর্ণনা করেছেন। আবূ বকর, উমর রাদিয়াল্লাহু আনহা এর মত একধিক ফকীহ সাহাবী ও পরবর্তী যুগের তাবিঈগণ এই হাদিসটির মর্মনুসারে সিদ্ধান্ত দিয়েছেন। ইমাম শাফিঈ, আহমদ ও ইসহাকও (রহঃ) এই অভিমত ব্যাক্ত করেছেন। গালাস বা আঁধারের রেশ থাকতেই ফজরের সালাত আদায় করা মুস্তাহাব বলে তাঁরা মত পোষণ করেন।

## English

Aishah narrated:
"Allah's Messenger would pray Subh (at such time that) the women would leave (after the prayer)" - Al-Ansarl (one of the narrators) said - the women would pass by wrapped in their Mirts and they would not be recognizable due to the darkness." And Qutaibah said: "covered." (instead of "wrapped.")

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17342

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন